

الْعَدْلُ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৩০ তম নাম ‘الْعَدْلُ’ আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় ‘الْعَدْلُ’ শব্দের মূল ل - د - ع , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ২৮ বার এসেছে। ন্যায় পরায়ণ হওয়া, মুক্তিপণ, বিনিময় এবং সমকক্ষ অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْعَدْلُ অর্থ: ‘তিনি ন্যায়পরায়ন; ন্যায়বিচারক’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

وَتَمَّتْ كَلِمَةُ رَبِّكَ صِدْقًا وَعَدْلًا لَا مُبَدَّلَ لِكَلِمَاتِهِ وَهُوَ السَّمِيعُ الْعَلِيمُ ﴿١١٥﴾

তোমার প্রভুর বাণী সত্য ও ন্যায়ে পরিপূর্ণ। তাঁর বাণী বদল করার কেউ নেই। তিনি সব শুনে, সব জানেন। (সূরা আন’আম: আয়াত নং ১১৫)

إِنَّ اللَّهَ يَأْمُرُ بِالْعَدْلِ وَالْإِحْسَانِ وَإِيتَاءِ ذِي الْقُرْبَىٰ وَيَنْهَىٰ عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ
وَالْبَغْيِ يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ ﴿٩٠﴾

আল্লাহ নির্দেশ দিচ্ছেন আদল (ন্যায় বিচার) ও ইহসান (উপকার) করার, আত্মীয়-স্বজনকে দান করার। আর নিষেধ করেছেন ফাহেশা কাজ, অন্যায় কাজ এবং সীমালংঘন থেকে। তিনি তোমাদের উপদেশ দিচ্ছেন যাতে তোমরা শিক্ষা গ্রহণ করো। (সূরা আন নাহল: আয়াত নং ৯০)

তিরমিজী শরীফের হাদিস-

রাসূল (সা:) দোয়া করতেন -

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ مَنكَرَاتِ الْأَخْلَاقِ، وَالْأَعْمَالِ وَالْأَهْوَاءِ

‘হে আল্লাহ! আমি আশ্রয় চাই তোমার কাছে খারাপ আখলাক, খারাপ আমল ও কুপ্রবৃত্তি থেকে।

ন্যায় বিচার না করা, ইহসান না করা অবশ্যই খারাপ আখলাক ও খারাপ আমল। আল্লাহ তা'আলা আমাদেরকে হেফাজত করুন।

ন্যায়পরায়ণ, ন্যায়বিচারক আল্লাহ রাব্বুল আলামীনের সাথে আমরা কাউকে শরিক না করি। কারণ শরিক 'সবচেয়ে বড় জুলুমের' অপরাধ। আল্লাহ এই অপরাধ ক্ষমা করবেন না।

আল্লাহ আমাদেরকে শরিক মুক্তভাবে তাঁর ইবাদত, মানুষের প্রতি ন্যায়বিচার ও ইহসান করার তৌফিক দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবাবাকাতুহ।